

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহের ২৪/০৯/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সুশাসন প্রতিষ্ঠার
নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের ভিত্তিতে সভার কার্যবিবরণী।

সভাপতি : মোছা: আলিয়া ফেরদৌস জাহান
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
সভার তারিখ : ২৪/০৯/২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : পরিচালক এর অফিস কক্ষ।
সভায় উপস্থিত : পরিশিষ্ট 'ক' এর দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের
মতবিনিময় কার্যক্রম শুরু করেন। উক্ত মতবিনিময় সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা হয় ও নিম্নোক্ত সিদ্ধান্ত
গৃহীত হয়:

পরিচালক ও সভাপতি জানান যে, অত্র কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠা, দুর্নীতিমুক্ত রাখা ও অত্র কার্যালয়ে আগত সেবাগ্রহীতা
যেন ভোগান্তির শিকার না হয় সেদিক লক্ষ্য রাখতে হবে। সেবাগ্রহীতাগণ তার আবেদনের বিষয়ে যে তথ্য জানতে চান তা
সুন্দরভাবে সেবাগ্রহীতাকে জানিয়ে দেওয়া এবং শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

অত্র কার্যালয়ে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য যে সকল আবেদন পাওয়া যায় তা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী আবেদন
প্রাপ্তির ৭ কার্যদিবস এবং যৌথবীমা ও কল্যাণ তহবিলের আবেদন ১৫ কার্যদিবসের মধ্যে নিষ্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।
একটি পরিবারের একমাত্র উপার্জনকারীর মৃত্যু হলে ঐ পরিবার সদস্যগণ আর্থিক ও মানসিকভাবে ভেঙ্গে পড়ে। দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া
যৌথবীমা/ কল্যাণ তহবিলের আবেদন নির্ধারিত সময়ের পূর্বেই নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিকে সচেতন থাকতে হবে।

সিদ্ধান্ত: দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার আবেদন, যৌথবীমা ও কল্যাণ তহবিলের আবেদন প্রাপ্তির পর দ্রুততর সময়ের মধ্যে
নিষ্পত্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি
ঘোষণা করেন।

২৪/০৯/২০২৩

(মোছা: আলিয়া ফেরদৌস জাহান)
পরিচিতি নং ১৫৯৪৪
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।